গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
বাজেট অধিশাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৯৯.০০১.১৮.২২০

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৬
২১ মে ২০১৯

বিষয়: **২০১৯-২০২০ অর্থবছরে বীর মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা সংক্রান্ত চাহিদা প্রদান।**

সূত্র: ক) এ মন্ত্রণালয়ের ০৮ এপ্রিল ২০১৯ তারিখের ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.১৭-৮৭ নম্বর পত্র; এবং
খ) এ মন্ত্রণালয়ের ২৪ এপ্রিল ২০১৯ তারিখের ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.১৭-১০০ নম্বর পরিপত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, ২০১৮-২০১৯ অর্থবছর প্রায় শেষ হওয়ার পথে বিধায় আগামী ২০১৯-২০২০ অর্থবছরে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা'র জন্য অর্থের প্রকৃত চাহিদা সম্পর্কে তথ্য আবশ্যক। তাঁর জেলার প্রকৃত মুক্তিযোদ্ধার সংখ্যা এবং এ সংক্রান্ত সম্মানী ভাতা'র সম্ভাব্য পরিমাণ নির্ধারণে সূত্রোক্ত পত্রদ্বয়ে এ মন্ত্রণালয় থেকে ইতঃপূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করা প্রয়োজন। উল্লেখ্য, সূত্রোক্ত পত্রের মাধ্যমে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির ক্ষেত্রে কারা যোগ্য এবং কারা যোগ্য নন এ সম্পর্কে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং নিম্নোক্ত 'খ' থেকে 'ঙ' পর্যন্ত ব্যক্তিগণকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বন্ধ করার নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার সার-সংক্ষেপ নিম্নরূপ:

(ক) চারটি প্রমাণক যথা- ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা (চূড়ান্ত লাল বই), বেসামরিক শ্রেণির গেজেট এবং বিভিন্ন বাহিনী গেজেটের যে কোন একটিতে নাম উল্লেখ থাকলে তিনি মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্য;
(খ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) সনদধারী বা এ মন্ত্রণালয়ের সাময়িক সনদধারী ব্যক্তিগণকে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্তির ক্ষেত্রে উপরোক্ত ৪ (চার)টি প্রমাণকের যে কোন একটিতে নাম থাকতে হবে। অন্যথায়, সম্মানী ভাতা প্রাপ্য হবেন না;
(গ) মহানগর/উপজেলা যাচাই-বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত "না মঞ্জুরকৃত আবেদনের তালিকা ও সিদ্ধান্ত" প্রতিবেদনে ('গ' তালিকা) যাঁদের নাম রয়েছে, তাঁরা সম্মানী ভাতা প্রাপ্য হবেন না;
(ঘ) সামরিক বা বেসামরিক বাহিনীভূক্ত সকল শ্রেণির খেতাবপ্রাপ্ত, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং শহিদ মুক্তিযোদ্ধা পরিবার বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট থেকে ভাতা প্রাপ্য হবেন বিধায় এ মন্ত্রণালয় হতে প্রদত্ত সাধারণ মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রাপ্য হবেন না; এবং
(ঙ) একজন বীর মুক্তিযোদ্ধার একাধিক প্রমাণকে বা একাধিক ঠিকানায় নাম থাকলেও মুক্তিযোদ্ধা হিসেবে একটি সম্মানী ভাতা প্রাপ্য হবেন বিধায় তিনি একাধিক ভাতা প্রাপ্য হবেন না।

০২। এ প্রেক্ষিতে, নিম্নোক্ত ছকে উপজেলা ভিত্তিক তাঁর জেলার মুক্তিযোদ্ধা সংক্রান্ত তথ্য **আগামী ৩০ মে ২০১৯ তারিখের** মধ্যে dsbudget@molwa.gov.bd ই-মেইলে সফট কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

**জেলার নাম:**

| ক্রমিক নং | উপজেলা/ মহানগরের নাম | ইতঃপূর্বে বরাদ্দকৃত মোট মুক্তিযোদ্ধার সংখ্যা | শুধু বামুস/ সাময়িক সনদধারী ব্যক্তির সংখ্যা | সামরিক বা বেসামরিক বাহিনভূক্ত (খেতাবপ্রাপ্ত/ যুদ্ধাহত/শহিদ) মুক্তিযোদ্ধার সংখ্যা | ভাতা প্রাপ্য মুক্তিযোদ্ধার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ (৩-৪-৫) | ৭ |



২১-৫-২০১৯

মোঃ মতিয়ার রহমান

উপসচিব

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৯৯.০০১.১৮.২২০/১(৪২০)

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২১ মে ২০১৯


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: ................................, জেলা: ..............................।

৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।



২১-৫-২০১৯

মোঃ মতিয়ার রহমান

উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

মেহেরপুর


(সাধারণ শাখা)

www.meherpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৬.০২.০০১.১৬.৩২৪

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৬ মে ২০১৯

বিবেচ্যপত্রের ছক মোতাবেক তথ্য আগামী ২৮.০৫.২০১৯ খ্রি, তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে এ কার্যালয়ের প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৬-৫-২০১৯

(আরিফা সুলতানা)

সহকারী কমিশনার, সাধারণ শাখা

ফোন: ০৭৯১-৬২৫৫৬

ফ্যাক্স: ০৭৯১-৬২৮৭১

ইমেইল: acgenmeherpur17@gmail.com

১) উপজেলা নির্বাহী অফিসার, সদর, মেহেরপুর।

২) উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।

৩) উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।

৪) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সমাজসেবা কার্যালয়

মেহেরপুর
dss.meherpur.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৫৭০০.০০১.৯৯.০০৩.১৯.৩৮৯ — তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৭ মে ২০১৯

পত্রের মর্মানুযায়ী ব্যবস্থা গ্রহণসহ চাহিত তথ্যাদি ছক মোতাবেক নিকশ ফন্টে টাইপ করে আগামী ২৮/০৫/২০১৯ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (সফটকপি ই-মেইল: dd.meherpur@dss.gov.bd অথবা cctcrashed@gmail.com যোগে) ও হার্ডকপি প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষটি অতীব জরুরী।

২৭-৫-২০১৯
মো: আবু তালেব
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন: ০৭৯১-৬২৬১৩
ইমেইল: dd.meherpur@dss.gov.bd

১) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা অফিস, মেহেরপুর সদর
২) উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিস, গাংনী,মেহেরপুর
৩) উপজেলা সমাজসেবা অফিসার, মুজিবনগর, মেহেরপুর।

স্মারক নম্বর: ৪১.০১.৫৭০০.০০১.৯৯.০০৩.১৯.৩৮৯/১ — তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৭ মে ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, মেহেরপুর
৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী, মেহেরপুর
৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুজিবনগর, মেহেরপুর
৫) সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
৬) অফিস কপি।

২৭-৫-২০১৯
মো: আবু তালেব
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)